BANGLADESH ACCREDITATION COUNCIL
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

স্মারক: ৩৭.২৮.০০০০.৩০৩.৬২.০০১/২৩ - ৪৭

তারিখ : ০২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৫ খ্রি.

**বিষয়: কোয়ালিটি অ্যাসুরেন্স (QA) বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও এসব প্রতিষ্ঠানের পরিচালিত একাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুতি গ্রহণ করেছে। এ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের মধ্য থেকে অ্যাকাডেমিক অডিটর নির্বাচন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ/ইনস্টিটিউট/বিভাগের অধ্যাপক পদে কর্মরত আগ্রহী শিক্ষকদের QA বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদি আগামী ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর নিকট **ই-মেইল এমএস ওয়ার্ড ও পিডিএফ ফরমেট** প্রেরণ করার জন্য বলা হলো। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ/ইনস্টিটিউট/বিভাগে কর্মরত **অধ্যাপক** পর্যায়ের শিক্ষক মহোদয়গণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

নাসির ১৬/০৩/২০২৫

(প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ)
পরিচালক (অ্যাক্রেডিটেশন)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ফোন: ০২-২২২২২৪১৭২
মোবাইল: ০১৭১১-২৭০০৭৪
ই-মেইল: dir.accr@bac.gov.bd

পরিচালক (আইকিউএসি)
....................বিশ্ববিদ্যালয়

অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. পূর্ণকালীন সদস্য (১-৪), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
২. রেজিস্ট্রার, ....................বিশ্ববিদ্যালয়;
৩. উপাচার্য এর একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ....................বিশ্ববিদ্যালয়;
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
৫. অফিস কপি।